

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ১৩৩

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৪

সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী

মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্য দপ্তরে ২৪১টি

এলডিসি পদ সৃষ্টি ও পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে

স্বাস্থ্য দপ্তরে ২৪১টি এলডিসি পদ সৃষ্টি ও পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার বৈঠক শেষে সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান। পর্যটনমন্ত্রী জানান, মন্ত্রিসভার বৈঠকে স্বাস্থ্য দপ্তরের অধীনে বিভিন্ন বিভাগে ১৬১টি টেকনিক্যাল পদ সৃষ্টি ও পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পদগুলির মধ্যে রয়েছে ফিজিও থেরাপিস্ট ৮টি, অডিওমেট্রি টেকনিশিয়ান ৩টি, ডেন্টাল টেকনিশিয়ান ৪টি, ইসিজি টেকনিশিয়ান ১৪টি, কম্পিউটার টেকনিশিয়ান ৪টি, রেডিওগ্রাফার ২৯টি, জুনিয়র স্টোর কিপার ৯টি, প্রোস্টেটিক এন্ড অর্থোটিক টেকনিশিয়ান ১টি, স্পিচ থেরাপিস্ট ২টি, ক্যাটালগার ১টি, ড্রেসার ৬টি, রিহাবিলিটেশন অ্যাসিস্টেন্ট ১টি, অ্যাসিস্টেন্ট ৭টি, ওয়ার্ড মাস্টার ৩টি, অপথালমিক অ্যাসিস্টেন্ট ১৯টি, প্লাস্টার টেকনিশিয়ান ৬টি, কার্পেন্টার ১টি, লাইব্রেরী অ্যাসিস্টেন্ট ১টি, জুনিয়র লাইব্রেরিয়ান ১টি, মাল্টি রিহাবিলিটেশন ওয়ার্কার ১টি, অডিও ভিজুয়াল টেকনিশিয়ান ২টি, ফটোগ্রাফিক টেকনিশিয়ান ১টি, টিএমটি টেকনিশিয়ান ২টি, ইকোকার্ডিওগ্রাফি টেকনিশিয়ান ১টি, পিএফটি টেকনিশিয়ান ২টি, ডকুমেন্টিস্ট ১টি, সাইক্রিয়াটিক সোস্যাল ওয়ার্কার ২টি এবং ফিজিও টেকনিশিয়ান ১টি।

পর্যটনমন্ত্রী সাংবাদিক সম্মেলনে আরও জানান, মন্ত্রিসভার বৈঠকে শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীনে ৯৬টি বিভিন্ন ক্যাটাগরির টেকনিক্যাল পদ সৃষ্টি ও পূরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পদগুলি হচ্ছে এক্সটেনশন অফিসার ৬টি, ফিল্ড অ্যাসিস্টেন্ট ৩৮টি, সিনিয়ার ইনস্ট্রাক্টর (ইঞ্জিনিয়ারিং) ২৫টি, সিনিয়ার ইনস্ট্রাক্টর (নন ইঞ্জিনিয়ারিং) ১৭টি, স্টোর কিপার ৪টি এবং ড্রাইভারের ৬টি পদ। পর্যটনমন্ত্রী জানান, ৬০৬৭টি স্পেশাল এগজিকিউটিভ পদে লোক নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা হবে। স্পেশাল এগজিকিউটিভ পদের জন্য সাম্মানিক ১১ হাজার টাকা ধার্য ছিল। আজ মন্ত্রিসভার বৈঠকে এই পদের সাম্মানিক বাড়িয়ে ১৩ হাজার টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*